

ডিএমপি কার্যালয়ে ছাত্রলীগের শীর্ষ নেতারা

অনলাইন ডেস্ক

১১ সেপ্টেম্বর ২০২৩ ০২:১৭ পিএম | আপডেট: ১১ সেপ্টেম্বর
২০২৩ ০২:১৭ পিএম



ডিএমপির সদরদপ্তর। ছবি: আমাদের সময়

advertisement..

নেতাদের মারধরের ঘটনা ও সাম্প্রতিক পরিস্থিতি নিয়ে ছাত্রলীগের সভাপতি সাদ্দাম হোসেনসহ শীর্ষ কয়েকজন নেতা ডিএমপি কমিশনারের সঙ্গে বৈঠক করছেন।

আজ সোমবার বেলা ১২টা ১০ মিনিটের ডিএমপির সদরদপ্তরে প্রবেশ করেন সাদ্দাম। আর বাংলাদেশ ছাত্রলীগের সাধারণ সম্পাদক শেখ ওয়ালী আসিফ ইনান দুপুর ১টা ২০ মিনিটে ডিএমপি সদর দপ্তরে প্রবেশ করেন।

advertisement

জানা গেছে, ছাত্রলীগ নেতাদের মারধরের ঘটনা ও সাম্প্রতিক পরিস্থিতি নিয়ে ডিএমপি কমিশনারের সঙ্গে কথা বলবেন ছাত্রলীগ সভাপতি। বৈঠকটি পূর্ব নির্ধারিত।

তবে বৈঠকে প্রবেশের আগে ছাত্রলীগ সভাপতি এ বিষয়ে কোনো মন্তব্য করতে চাননি।

বৈঠক শেষে গণমাধ্যমের সঙ্গে কথা বলতে পারেন ছাত্রলীগ সভাপতি সাদ্দাম হোসেন।

উল্লেখ্য, রাজধানীর শাহবাগ থানায় ডেকে নিয়ে শনিবার (৯ সেপ্টেম্বর) রাতে ছাত্রলীগের দুই কেন্দ্রীয় নেতাকে নির্মমভাবে মারধর করেন পুলিশের (ডিএমপি) রমনা বিভাগের অতিরিক্ত উপকমিশনার হারুন অর রশিদ।

আহতরা হলেন- ছাত্রলীগের কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক ও ফজলুল হক হলের সভাপতি আনোয়ার হোসেন এবং ছাত্রলীগের কেন্দ্রীয় বিজ্ঞান বিষয়ক সম্পাদক ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের শহীদুল্লাহ হলের সাধারণ সম্পাদক শরীফ আহমেদ। এই দুজনকে গুরুতর আহত অবস্থায় উদ্ধার করে একটি বেসরকারি হাসপাতালে ভর্তি করা হয়।

ছাত্রলীগের একটি সূত্র জানায়, শনিবার রাতে এডিসি হারুন এক নারীর সঙ্গে বারডেম হাসপাতালে আড্ডা দিচ্ছিলেন। সে সময় ওই নারীর স্বামী কেন্দ্রীয় ছাত্রলীগের দুই নেতাকে সঙ্গে নিয়ে সেখানে যান এবং তাদের দুজনকে একসঙ্গে পান। সেখানে ছাত্রলীগের নেতাদের সঙ্গে এডিসি হারুনের বাগবিতণ্ডা এবং হাতাহাতি হয়। পরে পুলিশ ফোর্স নিয়ে এসে কেন্দ্রীয় ছাত্রলীগের দুই নেতাকে শাহবাগ থানায় নিয়ে গিয়ে বেদম মারধর করেন হারুন।

এ ঘটনার জেরে রাতেই শাহবাগ থানার সামনে ছাত্রলীগের নেতাকর্মীরা ভিড় করেন। পরে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ও পুলিশের কর্মকর্তারা থানায় গিয়ে মধ্যরাতে ঘটনা মীমাংসা করেন।

এদিকে দুই নেতাকে ‘থানায় নিয়ে’ নির্মমভাবে মারধরের ঘটনায় হারুন অর রশিদকে রমনা বিভাগ থেকে প্রত্যাহার করা হয়েছে। এছাড়া এ ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল শাখা ছাত্রলীগ। এ ঘটনায় জড়িতদের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা নেওয়া না হলে রাজপথে নেমে সুষ্ঠু বিচার নিশ্চিত করতে কঠোর আন্দোলন গড়ে তোলার হুঁশিয়ারি দিয়েছে নেতারা।